বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল

# ইউসার ম্যানুয়াল

## রেজিস্ট্রেশন সনদ নবায়ন এর জন্য আবেদন

জানুয়ারি ২০২৫


ভার্সন: ১.৪

টেকনিক্যাল সাপোর্ট: JBRSOFT Limited

www.pcb.gov.bd

## যেভাবে নবায়নের জন্য আবেদন করবেন


**ধাপ-০১:** প্রথমে আপনাকে PCB ওয়েবসাইট থেকে **APPLY NOW** বাটনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক করার পরে আপনার সামনে কয়েকটি বক্স আসবে সেখান থেকে **৩য় বক্সে** ক্লিক করে আপনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে ফার্মেসী কাউন্সিল এর পোর্টাল এ লগইন করুন।





আপনি যখন মূল রেজিঃ এর জন্য আবেদন করেছিলেন তখন আপনাকে যে আইডি ও পাসওয়ার্ড আপনার মোবাইল ও ইমেইল এ পাঠনো হয়েছে সেটি দিয়ে লগইন করতে হবে। অথবা আপনি আমাদের অনলাইন তথ্যসেবা (https://pcbapps.com.bd/support) গিয়ে আপনার পুরো নাম , রেজিস্ট্রেশন নম্বর, আপনার মোবাইল নম্বর ও ইমেইল দিয়ে নুতন আইডি ও পাসওয়ার্ড এর জন্য রিকোয়েস্ট করুন। আমাদের অনলাইন তথ্যসেবা কেন্দ্র থেকে আপনাকে নতুন আইডি ও পাসওয়ার্ড আপনার মোবাইল ও ইমেইলে পাঠিয়ে দিবেন।

যদি পাসওয়ার্ড স্মরণ করতে না পারেন তবে আপনার মোবাইল নম্বর দিয়ে পাসওয়ার্ডটি রিসেট করে নিতে পারেন, সেক্ষেত্রে পূর্বে আপনার PCB পোর্টালে একটি প্রোফাইল থাকতে হবে (পাসওয়ার্ড রিসেট অংশটি দেখুন)।


**পাসওয়ার্ড রিসেট:** পাসওয়ার্ড রিসেট করার জন্য **"Forgot Password"** লিংক এ ক্লিক করুন।




এখানে ক্লিক করলে আপনার সামনে নিচের অপশনটি আসবে। এখানে আপনার মোবাইল নম্বরটি দিয়ে ভেরিফাই বাটন এ ক্লিক করুন।





ভেরিফাই বাটনে ক্লিক করলে আপনার নম্বরে একটি কোড যাবে।







ভেরিফিকেশন কোডটি দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন





সাবমিট বাটনে ক্লিক করার পরে আপনার সামনে নতুন পাসওয়ার্ড প্রদানের অপশনটি আসবে।





এখানে নতুন পাসওয়ার্ড দিয়ে রিসেট করে আবার লগইন করুন।

**ধাপ-০২:** লগইন সম্পন্ন হওয়ার পরে আপনার নিজের প্রোফাইলটি দেখতে পারবেন। এখন আপনার সব তথ্য পূরণ করুন। আপনার সব তথ্য পূরণ  না করলে আবেদন করতে পারবেন না। প্রোফাইলে ছবি না থাকলে, আপনাকে ৩০০*৩০০ সাইজ এর PNG / JPEG  টাইপ এর প্রোফাইল ইমেজ আপলোড করতে হবে।




এখান থেকে ডানদিকে **"RENEW NOW"** বাটনটি দেখতে পারবেন। এই বাটনটি নবায়নের শেষ তারিখ থেকে তিন মাস আগে একটিভ হবে।  এখানে ক্লিক করলে নিচের মতো পেমেন্ট এর অপশন আসবে:




যদি আপনার নবায়ন ফি বেশি দেখায় তাহলে আপনার রেজিস্ট্রেশন তারিখ (ইসু ডেট) অথবা মেয়াদ উত্তীর্ণ তারিখ লাইভ সাপোর্ট থেকে সংশোধন করে নিন।

**ধাপ-০৩:** **Pay now**

**Pay Now** বাটন এ ক্লিক করলে আপনার সামনে নিচের উইন্ডোটি আসবে। এখান থেকে **Mobile Banking** নির্বাচন করুন:





এখান থেকে বিকাশ বাটনে ক্লিক করে **Confirm** বাটনে ক্লিক করুন এবং আপনার পেমেন্ট পরিমাণ চেক করুন।





**Confirm** বাটনে ক্লিক করলে বিকাশে পে করার জন্য নিচের স্ক্রিনটি আসবে।




এখন আপনি **Pay with bKash** বাটনটি নির্বাচন করুন। তারপর আপনার বিকাশ একাউন্ট নম্বরটি দিন:




এবার **CONFIRM** বাটনে ক্লিক করলে আপনার নম্বরে একটি ভেরিফিকেশন কোড যাবে। ভেরিফিকেশন কোডটি প্রদান করুন:




আবার **CONFIRM** বাটনে ক্লিক করে আপনার বিকাশের পিন দিয়ে পেমেন্ট সম্পূর্ণ করুন।





আপনি একইভাবে যেকোনো পেমেন্ট মেথড নির্বাচন করে আপনার পেমেন্ট সম্পন্ন করতে পারবেন। আপনি যদি কার্ডে পেমেন্ট করতে চান তাহেল একইভাবে আপনার কার্ডটি সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করুন।


পেমেন্ট কন্‌ফার্ম হয়ে গেলে আপনাকে রিডাইরেক্ট করে পিসিবি পোর্টাল এ আপনার প্রোফাইলে নিয়ে আসবে।




আপনার পেমেন্টটি সফল হলে সাথে সাথে আপনার ইমেইল **PCB** থেকে একটি কনফার্মেশন ইমেইল যাবে।




**SMS**:




এভাবে পুরো প্রক্রিয়া সম্পূর্ণ করলে আপনার নবায়নের আবেদনটি কর্তৃপক্ষের নিকট জমা হবে। কর্তৃপক্ষ আপনার আবেদনটি যদি গ্রহণ করেন অথবা বাতিল করেন তবে আপনার নিকট একটি মেসেজ যাবে। মেসেজ  এ আপনি বিস্তারিত জানতে পারবেন। এছাড়াও আপনি আপনার প্রোফাইল থেকে আবেদন এর অগ্রগতি দেখতে পারবেন।



যে কোনো সমস্যার সম্মুখীন হলে আমাদের অনলাইন তথ্যসেবায় যোগাযোগ করুন:

Link: https://pcbapps.com.bd/support

